দৈনিক ইত্তেফাক

তারিখ FEB. 7 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

101

# ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির দাবী

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গত ১৩ই জানুয়ারী ময়মনসিংহ মেডিক্যাল কলেজের কতিপয় সন্ত্রাসী ছাত্র কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুইজন শিক্ষকের উপর আক্রমণের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ ও নিন্দা জানাইয়াছে। সমিতি এই ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের চিহ্নিত করিয়া কঠোর শাস্তি প্রদানের জন্য যথাযথ কর্তৃপক্ষের প্রতি দাবী জানাইয়াছে। গত ৪ঠা ফেব্রুয়ারী সমিতির সভাপতি অধ্যাপক

( ১২শ পৃঃ দ্রঃ )

## ঢাকা বিশ্ববিদ্যালয়

( ৩য় পৃঃ পর)

আ ফ ম ইউসুফের সভাপতিত্বে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সভার প্রস্তাবে এই দাবী জানান হয়। অপর প্রস্তাবে সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষকের বিরুদ্ধে নৈতিক স্খলনের অভিযোগে প্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটির রিপোর্ট দ্রুত প্রকাশ এবং উহার ভিত্তিতে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি দাবী জানান হয়। অপর প্রস্তাবে সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আন্দোলনকারী ছাত্র-ছাত্রীদের মিছিলের উপর হামলার ঘটনার দ্রুত তদন্ত করিয়া দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি দাবী জানান হয়।—প্রেস বিজ্ঞপ্তি